"একই স্মারক নম্বর ও তারিখে প্রতিস্থাপিত হবে"

# বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

নথি নং-১৮.১১.০০০০. ৫২১.৪৪.০০১.২৬/৫৩৯ তারিখঃ ২৮/০৬/২০২৬খ্রিঃ

## বিজ্ঞপ্তি

বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ ও জরুরি পরিস্থিতিতে দেশের অভ্যন্তরীণ নৌপরিবহন ব্যবস্থা তথা যাত্রী ও পণ্য পরিবহনে নিরাপত্তা নিশ্চিত করা, ক্ষয়ক্ষতি নিয়ন্ত্রণ ও নৌ-অবকাঠামো সুরক্ষাকল্পে সারাদেশের সাথে অবাধ তথ্যের আদান-প্রদান, সমন্বয় সাধন ও প্রয়োজনীয় কার্যকর পদক্ষেপ গ্রহণের নিমিত্ত বিআইডব্লিউটিএ'র মতিঝিলস্থ ভবনের ৮ম তলায় কর্তৃপক্ষের অপারেশনাল কন্ট্রোল রুম রয়েছে। অপারেশনাল কন্ট্রোল রুম হলো একটি কেন্দ্রীয় অপারেশনাল ও সমন্বয় প্ল্যাটফর্ম, যেখানে বিভিন্ন উৎস থেকে প্রাপ্ত তথ্য, লাইভ ফিড, মনিটরিং উপাত্ত, যোগাযোগ ব্যবস্থা এবং সিদ্ধান্ত সহায়ক টুলসমূহ একত্রে প্রদর্শন ও ব্যবহার করা যায়। যার মাধ্যমে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ একটি নির্দিষ্ট স্থান থেকে সামগ্রিক পরিস্থিতি পর্যবেক্ষণ, বিশ্লেষণ, সমন্বয় এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে পারবে। আধুনিক পরিবহন, বন্দর, নিরাপত্তা ও অবকাঠামো ব্যবস্থাপনায় এ ধরনের কমান্ড সেন্টার একটি কার্যকর অপারেশনাল হাব হিসেবে ব্যবহৃত হবে।

২। অপারেশনাল কন্টোল রুমকে একটি কেন্দ্রীয় অপারেশনাল মনিটরিং, সমন্বয়, যোগাযোগ স্থাপন ও সিদ্ধান্ত গ্রহন/প্রদান সহায়ক কেন্দ্র হিসেবে কার্যকর করার লক্ষ্যে নিমোক্ত তথ্য, ডিসপ্লে, সফটওয়্যার ফিড, লাইভ সিস্টেম ও রিপোর্টিং ব্যবস্থা সংযুক্ত ও প্রদর্শনের প্রয়োজনীয়তা রয়েছে। এজন্য বাঅনৌপ-কর্তৃপক্ষের বিভিন্ন বিভাগের সংশ্লিষ্টতার আবশ্যকতা রয়েছে। এ প্রেক্ষিতে, বিভিন্ন কার্যক্রমের জন্য বিভিন্ন বিভাগ হতে ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্দেশক্রমে নিম্নোক্তভাবে নিযুক্ত করা হলোঃ

| ক্রঃ নং | কার্যক্রম | দায়িত্বপ্রাপ্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
|---|---|---|
| ০১। | ** Jahaji Appllication এর মাধ্যমে জাহাজ ও ড্রেজারের অবস্থান, চলাচল ও রুট সংক্রান্ত তথ্য প্রদর্শন।<br>** Bridge Height Portal এবং Bridge Clearance সংক্রান্ত তথ্য প্রদর্শন।<br>** Buoy এর অবস্থান, Channel Marketing এবং C&P বিভাগের অন্যান্য Software Based Operational তথ্য প্রদর্শন। | (ক)অতিরিক্ত পরিচালক(নৌ-পথ) নৌ-সংরক্ষণ ও পরিরচালন বিভাগ বিআইডব্লিউটিএ, ঢাকা।<br>(খ) নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।<br>(গ) সিস্টেম এনালিস্ট, আইসিটি বিভাগ বিআইডব্লিউটিএ, ঢাকা। |
| ০২। | ** আবহাওয়া সংক্রান্ত ওয়েবসাইট, পূর্বাভাস, ঝড়, বৃষ্টি এবং নৌচলাচল-সংক্রান্ত সতর্কতা প্রদর্শন।<br>** Traffic Management System সম্পন্ন হওয়ার পর তার লাইভ ব্যবহার ও ডিসপ্লে সংযুক্ত করণ।<br>** জাহাজে In-out time Schedule, আগমন-প্রস্থান তথ্য এবং সংশ্লিষ্ট Movement Data প্রদর্শন।<br>** Vessel Owner-দের Contact Directory, Registered Crew Information এবং সংশ্লিষ্ট যোগাযোগ তথ্য সংরক্ষণ ও প্রদর্শনের ব্যবস্থা।<br>** সদরঘাট, বরিশাল, ইলিশা, চাঁদপুরসহ প্রধান বন্দরসমূহের বন্দর ব্যবস্থাপনা কার্যক্রম IP Based CCTV/CC Camera ফিড প্রদর্শন।<br>** Google Map বা অনুরূপ Map Based প্ল্যাটফর্মের মাধ্যমে নদীর | (ক) অতিরিক্ত পরিচালক নৌ-নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।<br>(খ) যুগ্ম-পরিচালক(প্রশাসন) বন্দর ও পরিবহন বিভাগ বিআইডব্লিউটিএ, ঢাকা।<br>(গ) উপ-পরিচালক (কার্টো) হাইড্রোগ্রাফি বিভাগ বিআইডব্লিউটিএ, ঢাকা। |

| | | |
|---|---|---|
| | তীরে বন্দর এলাকা ও চ্যানেল সংলগ্ন অবৈধ দখল পর্যবেক্ষণ।<br>** সদরঘাট ও নারায়ণগঞ্জ বন্দর এলাকায় Drone ব্যবহার এবং Live Drone Feed প্রদর্শনের ব্যবস্থা (Subject to acquisition and Approval)।<br>** Chart Catalogue প্রদর্শন বা ডিজিটাল অ্যাক্সেসের ব্যবস্থা। Live Water Level, Gauge Data এবং Tidal Information প্রদর্শন।<br>** History Playback বা Recorded Camera Feed Review Facility রাখা। | |
| ০৩ | ** অফিসে প্রবেশ ও প্রস্থান সংক্রান্ত Access Control Data, Visitor Mannagement Data এবং Attendance Summary প্রদর্শন।<br>** Communication Instruction Module বা Co-ordination Display- এর মাধ্যমে OPS Room থেকে সংশ্লিষ্ট Port, Field Office, Operational Point ও দায়িত্বপ্রাপ্ত ইউনিটসমূহের সঙ্গে দ্রুত যোগাযোগ, নির্দেশনা প্রদান এবং Follow up সমন্বয়ের ব্যবস্থা রাখা। | (ক) উপ-পরিচালক (প্রশাসন)<br>প্রশাসন ও মানব সম্পদ বিভাগ<br>বিআইডব্লিউটিএ, ঢাকা।<br>(খ) উপ-পরিচালক (নৌ-নিট্রা)<br>নৌ-নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।<br>(গ) প্রোগ্রামার/মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার<br>আইসিটি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা। |

৩। অপারেশনাল কন্ট্রোল রুমটির সুষ্ঠু পরিচালনে সদস্য (প্রকৌশল) এবং সদস্য (পরিকল্পনা ও পরিচালন) মহোদয় কর্তৃক সংশ্লিষ্ট বিষয়ে তদারকীর ব্যবস্থা গ্রহণ করবেন। ডিজাইন এন্ড মনিটরিং বিভাগ কর্তৃক মেইনটেন্যান্সের বিষয়টি নিশ্চিত করবেন এবং পরিস্থিতি ও প্রয়োজন অনুযায়ী সময় সময় পরিচালক (প্রশাসন ও মানব সম্পদ) কর্তৃক রোস্টার ডিউটি সমন্বয় করবেন।

৪। উল্লেখ্য, কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-৮০১/২০২৬; তারিখঃ ০৮/০৫/২০২৬খ্রিঃ দ্বারা সার্বিক কার্যক্রম দৃঢ়ীকরণ, পরিচালন ও তত্ত্বাবধানের দায়িত্ব **কর্তৃপক্ষের ডিজাইন এন্ড মনিটরিং বিভাগ এর উপর ন্যাস্ত করা হয়েছে।**

৫। **যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে** এ বিজ্ঞপ্তি জারী করা হলো।

স্বাঃ
(এস. এম. শাহেদ রেজা)
পরিচালক(প্রশাসন ও মানব সম্পদ)
বিআইডব্লিউটিএ, ঢাকা।

**অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ-**

০১। সকল বিভাগীয় প্রধান,------------------------- বিআইডব্লিউটিএ, ঢাকা/নারায়ণগঞ্জ/বরিশাল/মাদারীপুর
(আপনার অধীনস্থ কর্মকর্তাদের অবহিত করণের জন্য অনুরোধ করা হলো)।
০২। পরিচালক, আইসিটি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৩। সমন্বয় কর্মকর্তা, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
০৪। ব্যক্তিগত সহকারী, সদস্য (পরিকল্পনা ও পরিচালন) মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
০৫। ব্যক্তিগত সহকারী, সদস্য (অর্থ) মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
০৬। ব্যক্তিগত সহকারী, সদস্য (প্রকৌশল) মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
০৭। নথি।

১৮/৫/২০২৬
পরিচালক(প্রশাসন ও মানব সম্পদ)
বিআইডব্লিউটিএ, ঢাকা।